



অফিস আদেশ

পত্র নং- ৩৩.০২.৪১৬১.৫০১.৫০.০০১.২০.৬৪

তারিখ- ১১/০৩/২০২০ খ্রিঃ

মুজিব বর্ষ উপলক্ষে দাপ্তরিক সেবার মান বৃদ্ধি এবং গত ২৪/০২/২০২০ খ্রিঃ তারিখে জেলা মৎস্য কর্মকর্তার দপ্তরে যশোর জেলার মৎস্য অধিদপ্তরাধীন কর্মকর্তাগণের মাসিক সভায় অফিস ব্যবস্থাপনা বিষয়ক আলোচনা এবং সিদ্ধান্তের আলোকে দাপ্তরিক কার্যক্রমের মান বৃদ্ধি এবং জবাবদিহিতা নিশ্চিতকরণের নিমিত্ত সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, মণিরামপুর, যশোর এর নিম্নরূপ দায়িত্ব বন্টন করা হলো। (তালিকা জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্র. নং	কর্মকর্তা/কর্মচারীর নাম	পদবী	দায়িত্বাবলী	মন্তব্য
১	জনাব মোঃ নান্নু রেজা	সহকারী মৎস্য কর্মকর্তা	বিভিন্ন ধরনের প্রতিবেদন তৈরী, মাঠ পরিদর্শন, তদারকি ও অন্যান্য দাপ্তরিক কাজে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে সার্বিক সহায়তা করা।	
২	জনাব তন্ময় চক্রবর্তী	সম্প্রসারণ কর্মকর্তা (প্রকল্প)	ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ-২ প্রজেক্ট সংশ্লিষ্ট কার্যক্রম তদারকি ও অন্যান্য দাপ্তরিক দায়িত্ব।	
৩	জনাব মোঃ আব্দুল মান্নান	ক্ষেত্র সহকারী	এপিএ রেজিস্টার সমূহ হালনাগাদ করা, মৎস্য খাদ্য, হ্যাচারি এবং ডিপো সংক্রান্ত লাইসেন্স নবায়নের প্রচেষ্টা গ্রহন, মাঠ পরিদর্শন ও অন্যান্য দাপ্তরিক দায়িত্ব।	
৪	জনাব মোঃ লুৎফর রহমান	অফিস সহকারী	আর্থিক বিষয়াদি সহ সকল প্রকার নথি এবং রেজিস্টার সমূহ হালনাগাদ করা, বিল-ভাউচার সংরক্ষণ, স্থাবর-অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদ, সমুদয় কম্পিউটার টাইপ ও অন্যান্য দাপ্তরিক দায়িত্ব।	
৫	জনাব অসিত বরণ মিস্ত্রী	ক্ষেত্র সহকারী (প্রকল্প)	ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) সংশ্লিষ্ট কার্যক্রম তদারকি ও অন্যান্য দাপ্তরিক দায়িত্ব।	
৬	জনাব অলোক কুমার মল্লিক	ক্ষেত্র সহকারী (প্রকল্প)	ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ-২ প্রজেক্ট সংশ্লিষ্ট কার্যক্রম তদারকি, ওয়েব পোর্টাল হালনাগাদ ও অন্যান্য দাপ্তরিক দায়িত্ব।	
৭	জনাব শিরিনা আক্তার	ক্ষেত্র সহকারী (প্রকল্প)	ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) সংশ্লিষ্ট কার্যক্রম তদারকি ও অন্যান্য দাপ্তরিক দায়িত্ব।	
৮	জনাব খান মোঃ বাবলু	অফিস সহায়ক	অফিস পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, নির্দিষ্ট সময়ে অফিস কক্ষ খোলা, বন্ধ করা এবং অন্যান্য দাপ্তরিক দায়িত্ব।	

নিম্নস্বাক্ষরকারী দায়িত্ব পুনঃবন্টনের ক্ষমতা সংরক্ষণ করেন। প্রজাতন্ত্রের কর্মচারী হিসেবে দায়িত্ব ও কর্তব্য পালনে সর্বক্ষেত্রে মৎস্য বিভাগীয় সুনাম অক্ষুণ্ন রেখে উপরোক্ত দায়িত্ব ও স্বাভাবিক নিয়মিত দায়িত্ব পালনে জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

সংযুক্তি: নিয়মিত কার্যক্রমের তালিকা – ০১ (এক প্রস্থ)


১১/০৩/২০২০

(রিপন কুমার ঘোষ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
মণিরামপুর, যশোর

পত্র নং- ৩৩.০২.৪১৬১.৫০১.৫০.০০১.২০.৬৪ / ১ (১০)


তারিখ- ১১/০৩/২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১। জেলা মৎস্য কর্মকর্তা, যশোর।

২-৯। জনাব....., সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, মণিরামপুর, যশোর।


১০। অফিস কপি।


১১/০৩/২০২০
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
মণিরামপুর, যশোর



নিয়মিত কার্যক্রমের তালিকা

- ১। প্রতি মাসের ২৪ তারিখের মধ্যে মাসিক প্রতিবেদন তৈরী করা।
- ২। প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে বেতন বিল তৈরী ও দাখিল করা।
- ৩। প্রতি মাসের ৪ তারিখের মধ্যে মাসিক ব্যয়ের রিকনসাইল প্রতিবেদন তৈরী করা।
- ৪। প্রতিদিন সকাল ৯:১৫ টার মধ্যে হাজিরা বহিতে স্বাক্ষর করা।
- ৫। প্রতিদিন বিল রেজিস্টার, বরাদ্দ রেজিস্টার, সাবভাউচার রেজিস্টার, মজুদ রেজিস্টার ও ক্যাশ বহি হালনাগাদ করা।
- ৬। প্রতিদিন এপিএ পরামর্শ রেজিস্টার হালনাগাদ করা।
- ৭। প্রতি মাসের ১০ ও ২৫ তারিখের মধ্যে ওয়েব পোর্টাল হালনাগাদ করা।
- ৮। প্রতিদিন মোটর সাইকেলের লগবহি হালনাগাদ করা।
- ৯। প্রতিদিন সকাল ১০:০০ টা এবং বিকাল ৩:০০ টার মধ্যে ২ বার ওয়েব মেইল চেক করা।
- ১০। প্রতিদিন সকাল ১০:০০ টা এবং বিকাল ৪:০০ টার মধ্যে ২ বার ওয়েবসাইট চেক করা।
- ১১। প্রতিদিন পত্রপ্রাপ্তি এবং পত্রজারি রেজিস্টার হালনাগাদ করা।
- ১২। প্রতিদিন সকাল ৯:০০ টার পূর্বেই অফিস কক্ষ পরিষ্কার-পরিছন্ন নিশ্চিত করা।
- ১৩। উপজেলা হিসাবরক্ষণ অফিসে বিল দাখিলের পূর্বেই পূর্ণাঙ্গ বিলের ফটোকপি নির্ধারিত বিল নথিতে সংরক্ষণ করা।
- ১৪। অফিসের মূল্যবান যন্ত্রপাতি (ল্যাপটপ, ডেস্কটপ ইত্যাদি), আসবাবপত্র, নথিপত্র সুসজ্জিত ও পরিষ্কার-পরিছন্ন রাখা।
- ১৫। বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী ও যত্নশীল হওয়া।
- ১৬। যথাসময়ে অফিসে উপস্থিত থাকা ও দাপ্তরিক কাজ যথাসময়ে দ্রুততার সাথে সম্পন্ন করা।
- ১৭। প্রতি মাসের ৩ তারিখের মধ্যে অগ্রিম ভ্রমণসূচী দাখিল করা।
- ১৮। মাঠ পরিদর্শনে গমনের প্রাক্কালে বাধ্যতামূলকভাবে মুভমেন্ট রেজিস্টারে তথ্য লিপিবদ্ধ করতে হবে।


১১/০৬/২০২০
(রিপন কুমার ঘোষ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
মণিরামপুর, যশোর।